# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

## BANGLADESH WATER DEVELOPMENT BOARD


বোর্ড সচিবালয়
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Board Secretariat
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫-১৮২ তারিখ ০৮ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ / ২২ জুন, ২০২৫ খ্রিঃ

পানি সম্পদ মন্ত্রণালয়, প্রশাসন-২ শাখার স্মারক নং-৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৭; তারিখঃ ১৬ জুন, ২০২৫ খ্রিঃ মোতাবেক সিঙ্গেল ইউজ প্লাস্টিক ঘোষিত ১৭ টি পণ্য যাতে দাপ্তরিক কাজে ব্যবহৃত না হয় সে বিষয়টি নিশ্চিতকরণ এবং প্রতি মাসের ২ তারিখের মধ্যে তাঁর নিয়ন্ত্রনাধীন দপ্তর সমূহে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহৃত হয়নি মর্মে বিগত মাসের প্রত্যয়ন বোর্ড সচিবালয়ের ই-মেইলে (bwdbsecretary@gmail.com) প্রেরণের নিমিত্ত পৃষ্ঠাঙ্কন করা হলো।

২২/৬/২৫
(মুঃ নূরুল আমীন)
উপপরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫-১৮২ তারিখঃ ২২ জুন, ২০২৫ খ্রিঃ

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২২/৬/২৫
(মুঃ নূরুল আমীন)
উপপরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.১৮.০৩৩.২৫-১৮২ তারিখঃ ২২ জুন, ২০২৫ খ্রিঃ

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। প্রধান প্রকৌশলী /অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ........................বাপাউবো ......................। (তাঁর অধীন দপ্তর সমূহে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহৃত হয়নি মর্মে প্রত্যয়ন সংগ্রহ পূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
২। নিয়ন্ত্রক (অহিনি)/প্রধান পানি ব্যবস্থাপনা বাপাউবো, ঢাকা। (তাঁর অধীন দপ্তর সমূহে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার হচ্ছে না মর্মে প্রত্যয়ন সংগ্রহ পূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/পরিচালক/ প্রকল্প-পরিচালক (সকল)......................বাপাউবো.......................।
৪। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৬। নির্বাহী প্রকৌশলী (সকল) .........................................................বাপাউবো .......................।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন/পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।
৮। অফিস কপি/মাষ্টার কপি।

২২/৬/২৫
(মুঃ নূরুল আমীন)
উপপরিচালক (বোর্ড)

ডায়েরী নং ৭৭৫
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
তারিখঃ ২২/৬/২৫
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন
২২/০৬/২০২৫
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৭

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: পানি সম্পদ মন্ত্রণালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা প্রসঙ্গে।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০১ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ২৫ জুন ২০২৫ তারিখের মধ্যে বাংলাদেশ সচিবালয়কে সিংগেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা হবে। এ প্রেক্ষিতে সিংগেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে (সংযুক্তি-১)।

০২। এমতাবস্থায়, সিংগেল ইউজ প্লাস্টিক ঘোষিত ১৭টি পণ্য যাতে দাপ্তরিক কাজে ব্যবহার না করা হয় সে বিষয়টি নিশ্চিতকরণ এবং প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে তাঁর নিয়ন্ত্রণাধীন সংস্থা/দপ্তরে সিংগেল ইউজ প্লাস্টিক ঘোষিত পণ্য ব্যবহৃত হয়নি মর্মে বিগত মাসের প্রত্যয়ন প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সংযুক্তি-৩
(২) সংযুক্তি-১
(৩) সংযুক্তি-২

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব
৫৫১০০৭০১
admin2@mowr.gov.bd

সংস্থা প্রধান (সকল), পানি সম্পদ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৭/১ (২)

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়া, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ শাখা -১
www.moef.gov.bd

বিষয়: বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভার কার্যপত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. ফারহিনা আহমেদ<br>সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০১ জুন ২০২৫ |
| সভার সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা |
| সভার স্থান | : | হাইব্রিড (জুম প্ল্যাটফর্ম/ এ মন্ত্রণালয়ের সভাকক্ষ) |

পলিথিন এমন এক বস্তু যার ধ্বংস, বিনাশ নেই। মাটির নীচে ও উপরে পলিথিন অপচনশীল অবস্থায় থাকে। মাটির উর্বরতা শক্তি হ্রাস করে। নর্দমা, নিচু জায়গা, ড্রেন ও খালের পানি নিষ্কাশন ব্যবস্থা বন্ধ হয়ে পানি দূষিত হয়। পলিথিনের যথেচ্ছ ব্যবহারের কারণে সাগরের তলদেশ থেকে মাউন্ট এভারেস্ট পর্যন্ত পৃথিবীর সর্বত্র, এমনকি মেরু অঞ্চলেও প্লাস্টিক বর্জ্য ছড়িয়ে পড়েছে। মাটি, পানি, বায়ুমন্ডল, বন্যপ্রাণী, জীববৈচিত্র্য ও মানব স্বাস্থ্যে দীর্ঘমেয়াদি নেতিবাচক প্রভাব ফেলেছে এই প্লাস্টিক দূষণ। পলিথিন ও প্লাস্টিকের কারণে সৃষ্ট নদী ও সমুদ্র দূষণ বায়ুমন্ডলে অক্সিজেন সরবরাহ হ্রাসসহ জলবায়ু পরিবর্তনের কারণ হিসেবেও চিহ্নিত হয়েছে। **পদ্মা, যমুনাসহ কয়েকটি আঞ্চলিক বড় নদীর ভাটির দেশ হওয়ায় প্লাস্টিকজনিত নদী ও সমুদ্র দূষণ রোধে বিভিন্ন আন্তর্জাতিক সনদে স্বাক্ষরকারী দেশ হিসেবে বাংলাদেশেরও দায়বদ্ধতা রয়েছে।** পলিথিন ও প্লাস্টিক পণ্য দীর্ঘদিন ব্যবহারে চর্মরোগ, ক্যান্সারসহ অন্যান্য স্বাস্থ্যগত সমস্যার আশংকা রয়েছে।

২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর ধারা-৬ক অনুসারে বাংলাদেশ সরকার ২০০২ সালে পলিথিন শপিং ব্যাগ ব্যবহার, উৎপাদন, বাজারজাতকরণ নিষিদ্ধ করেছে। উপরন্তু, পলিথিন ও Single Use Plastic (SUP) এর ব্যবহার ক্রমান্বয়ে হ্রাস করার লক্ষ্যে রিট পিটিশন নং ১৪৯৪১/২০১৯ অনুসারে মহামান্য হাইকোর্ট বিভাগ পরিবেশ আইনের প্রয়োগ নিশ্চিত করার পাশাপাশি দেশব্যাপি বাজার তদারকি, পলিথিন উৎপাদনকারী কারখানা বন্ধ, উৎপাদন যন্ত্র বাজেয়াপ্তকরণসহ সকল হোটেল, মোটেল ও রেস্টুরেন্ট এবং কোস্টাল এলাকায় সিঙ্গেল ইউজ প্লাস্টিক বন্ধের নির্দেশনা প্রদান করেন।

৩। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টার নির্দেশনায় বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (sup) মুক্ত ঘোষণা করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বাংলাদেশ সচিবালয় এর অভ্যন্তরে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (sup) ব্যবহার বন্ধে সকল মন্ত্রণালয় ও বিভাগের প্রতিনিধিগণের সমন্বয়ে দুইটি সভা অনুষ্ঠিত হয়েছে (২৬.০৯.২০২৪ তারিখ এবং ১৮.১২.২০২৪ তারিখ)।

৪। সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে (প্রজ্ঞাপন)।

| ক্র. | পন্য | ক্র. | পণ্য |
|---|---|---|---|
| ১ | স্ট্র | ১০ | সিগারেট ফিল্টার |
| ২ | স্টারার | ১১ | প্লাস্টিকের বোতল এবং ক্যাপ |
| ৩ | একবার ব্যবহারযোগ্য তৈজসপত্র/কাটলারি | ১২ | পাতলা প্লাস্টিকের আবরণযুক্ত ফাস্ট ফুডের মোড়ক |
| ৪ | বেলুন, আইসক্রিম বা ললিপপের সাথে ব্যবহৃত প্লাস্টিকের কাঠি/লাঠি | ১৩ | প্লাস্টিকের দাওয়াত কার্ড, দাওয়াত কার্ড এবং প্রচারণা সামগ্রীর উপর ব্যবহৃত থার্মাল ল্যামিনেশন |
| ৫ | প্লাস্টিক ব্যানার | ১৪ | পাতলা প্লাস্টিক আবরণযুক্ত সিগারেটের প্যাকেট/টিস্যু পেপার/টয়লেট রোল/সাবানের মোড়ক |
| ৬ | পোস্টারের প্লাস্টিক মোড়ক | ১৫ | পলিইথাইলিন এবং পলিপ্রপাইলিন বা মিশ্রণ দ্বারা তৈরি কোনো শপিং ব্যাগ/ঠোঙ্গা/ধারক |
| ৭ | বিভিন্ন পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের মিনি প্যাকেট/সৌখিন ধারক | ১৬ | মেলামাইন ফোম স্পঞ্জ |
| ৮ | চকলেট এবং ললিপপের প্লাস্টিক মোড়ক | ১৭ | যেকোনো পণ্যের একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের প্যাকেজিং |
| ৯ | স্টাইরোফোমের খাবার মোড়ক/ধারক | | |

৫। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ২৯ আগস্ট ২০২৪ তারিখ সকল মন্ত্রণালয়/বিভাগকে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ ও প্রস্তাবিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের নির্দেশনা প্রদানে মন্ত্রিপরিষদ বিভাগে উপানুষ্ঠানিক পত্র প্রেরণ করেন। সে পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে সকল মন্ত্রণালয়/বিভাগ ও মাঠ প্রশাসনকে তালিকাভুক্ত সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর ব্যবহার বন্ধ ও নিম্নবর্ণিত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহারের জন্য গত ০৫ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ নির্দেশনা প্রদান করেছে:

**সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) এর বিকল্প পণ্য:**

(ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;

(খ) প্লাস্টিক ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;

(গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;

(ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;

(ঙ) দাওয়াত পত্র, ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরণের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;

(চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;

(ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;

(জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;

(ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরণের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা।

৬। বিগত ২৯ আগস্ট ২০২৪ তারিখ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাকে সিঙ্গেল ইউজ (একবার ব্যবহার্য) প্লাস্টিক মুক্ত ঘোষণা করে অফিস আদেশ জারী করা হয়েছে। এ মন্ত্রণালয় কর্তৃক সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪টি ব্যাচে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বিকল্প সামগ্রী (পাটের ব্যাগ ও পানির বোতল) বিতরণ করা হয়েছে

৭। মাননীয় উপদেষ্টার নির্দেশনায় বিশ্ব পরিবেশ দিবসের পূর্বে বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন বিপনী বিতান ও খাবার ক্যান্টিনে নিষিদ্ধ ঘোষিত পলিথিন এবং বিভিন্ন ধরণের সিঙ্গেল ইউজ প্লাস্টিকের প্রবেশ বন্ধে নির্দেশনা প্রদান জন্য গত ৩০.০৪.২০২৫ তারিখ উপপুলিশ কমিশনার, সচিবালয় নিরাপত্তা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ-কে এবং সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত বিপনী বিতান ও খাবার ক্যান্টিনে যাতে নিষিদ্ধ ঘোষিত পলিথিন এবং বিভিন্ন ধরণের সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার না করার জন্য গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় এবং জননিরাপত্তা বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

৮। পরিবেশ সংরক্ষণ, দূষণ নিয়ন্ত্রণ এবং পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র্য রক্ষায় সরকারের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ (Phase Out) করার লক্ষ্যে সরকার কর্তৃক প্রথম ধাপে Straw, Stirrer & Cotton Bud-এই তিনটি সিঙ্গেল ইউজ প্লাস্টিক পণ্যের উৎপাদন, আমদানি, বাজারজাতকরণ, বিক্রয় বা বিক্রয়ের জন্য প্রদর্শন, মজুদ, বাণিজ্যিক উদ্দেশ্যে পরিবহন এবং ব্যবহার ০১ জুন ২০২৫ তারিখ থেকে সম্পূর্ণরূপে নিষিদ্ধ করে এ মন্ত্রণালয় হতে প্রজ্ঞাপন জারী করা হয়েছে। প্রসঙ্গত উল্লেখ্য, ২০০২ সালে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন ১৯৯৫ এর ধারা ৬ক অনুসারে বাংলাদেশে পলিথিনের উৎপাদন বাজারজাতকরণ, আমদানিকরণ নিষিদ্ধ করা হয়।

**সভার প্রস্তাবনা:**

বাংলাদেশ সচিবালয়-কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) মুক্ত ঘোষণা এবং তার টেকসই বাস্তবায়ন নিশ্চিত করার জন্য সকল মন্ত্রণালয় নিম্নলিখিত কার্যক্রম গ্রহণ করতে পারে:

- সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের জন্য প্রশিক্ষণের আয়োজন করা।
- সচেতনতামূলক বিভিন্ন স্টীকার/বোর্ড স্থাপন করা।
- সিঙ্গেল ইউজ প্লাস্টিকের বিকল্প ব্যবহারে উৎসাহিত করা
- সভার খাবার আনা-নেয়া এমনকি পরিবেশনের সময় সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP)/পলিথিন ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করা (সেবা শাখার কর্মচারীগণের জন্য কাপড়/পাটের ব্যাগ ব্যবহার নিশ্চিতকরণ)।
- সকল কর্মকর্তা/কর্মচারীগণকে পরিবেশবান্ধব পানির বোতল ও ব্যাগ ব্যবহার নিশ্চিত করা।
- সভাকক্ষ ও সকল কর্মকর্তা/কর্মচারীদের রুমে প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে স্টীল/পরিবেশবান্ধব বোতল ব্যবহার নিশ্চিত করা।
- সিঙ্গেল ইউজ প্লাস্টিকের তৈজসপত্র (প্লেট/গ্লাস/কাপ/চামচ) ব্যবহার বন্ধ করা
- পর্যায়ক্রমে মন্ত্রণালয় ও বিভাগসমূহের আওতাধীন দপ্তর/সংস্থাগুলোকেও সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত করার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে;

- এছাড়া, সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত বিপনী বিতানসমূহে পলিথিন এবং সিঙ্গেল ইউজ প্লাস্টিকের ব্যবহার বন্ধে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় থেকে প্রয়োজনীয় উদ্যোগ ও নিয়মিত মনিটরিং করা যেতে পারে।
- বাংলাদেশ সচিবালয়ে যেন পলিথিন এবং সিঙ্গেল ইউজ প্লাস্টিক সামগ্রী প্রবেশ করতে না পারে এ জন্য উপপুলিশ কমিশনার,

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৫

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা প্রসঙ্গে।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০১ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গোল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ২৫ জুন ২০২৫ তারিখের মধ্যে বাংলাদেশ সচিবালয়কে সিংঙ্গোল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা হবে। এ প্রেক্ষিতে সিংঙ্গোল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে (সংযুক্তি-১)।

সিংঙ্গোল ইউজ প্লাস্টিক ঘোষিত ১৭টি পণ্য পানি সম্পদ মন্ত্রণালয়ের সভা কক্ষসহ কোনো অফিস কক্ষে ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করার জন্য পত্র জারি করা হয়েছে (সংযুক্তি-২)।

০২। এমতাবস্থায়, সিংঙ্গোল ইউজ প্লাস্টিক ঘোষিত ১৭টি পণ্য পানি সম্পদ মন্ত্রণালয়ে যাতে ব্যবহার না করা হয় সে বিষয়টি মনিটরিং করার জন্য নিম্নোক্তভাবে মনিটরিং কর্মকর্তা নিয়োগ করা হলো:

| ক্রমিক নং | মনিটরিং কর্মকর্তা | দায়িত্বপ্রাপ্ত তলা |
|---|---|---|
| ১। | জনাব নাজমা বেগম এসডিসি, যুগ্মসচিব (রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট) | ৫ম তলা |
| ২। | জনাব মাহফুজা আকতার, যুগ্মসচিব (বাজেট ও অডিট অধিশাখা) | ১৬তম তলা |
| ৩। | জনাব মো: রবিউল আলম, যুগ্মসচিব (উন্নয়ন-২) অধিশাখা | ১৭তম তলা |

০৩।নিয়োগপ্রাপ্ত মনিটরিং কর্মকর্তাগণকে প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে তাঁদের জন্য নির্ধারিত Floor এ সিংঙ্গোল ইউজ প্লাস্টিক ঘোষিত পণ্য ব্যবহৃত হয়নি মর্মে বিগত মাসের প্রত্যয়ন প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সংযুক্তি-১
(২) সংযুক্তি-২

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব
৫৫১০০৭০১
admin2@mowr.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। যুগ্মসচিব, রিফর্ম ম্যানেজমেন্ট এন্ড পলিসি রিসার্চ ইউনিট, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব, বাজেট ও অডিট অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
৩। যুগ্মসচিব, উন্নয়ন-২ অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৫/১ (৩)

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। ১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়া, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -১ অধিশাখা
https://moef.gov.bd/

নম্বর: ২২.০০.০০০০.০০০.০৭৫.০৪.০০০১.২২.১৬৯

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ মে ২০২৫ খ্রিস্টাব্দ

**আন্তঃমন্ত্রণালয় সভার নোটিশ**

**বিষয়: বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা।**

পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে সিঙ্গেল ইউজ প্লাস্টিক ব্যবহার ক্রমান্বয়ে বন্ধ করার (Phase out) লক্ষ্যে 'কঠিন বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০২১' এর বিধি-৯ এর আলোকে সিঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয় (সংযুক্তি ১)। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা মহোদয়ের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সচিবালয়-কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার বিষয়ে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। বাংলাদেশ সচিবালয়-কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে সকল মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের প্রতিনিধিগণের (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) সমন্বয়ে একটি আন্তঃমন্ত্রণালয় সভা আগামী ০১ জুন ২০২৫ তারিখ রবিবার বিকাল ০৩:০০ ঘটিকায় হাইব্রিড পদ্ধতিতে (সরাসরি/জুম) এ মন্ত্রণালয়ের সভাকক্ষে (ভবন-৬, কক্ষ নং-১৩১৭-১৩১৮) অনুষ্ঠিতে হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সম্মানিত সচিব ড. ফারহিনা আহমেদ।

০৩। সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রশাসন অনুবিভাগের উপযুক্ত কর্মকর্তা-কে (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়) মনোনয়ন প্রদানপূর্বক উক্ত সভায় উপস্থিত/সংযুক্ত থাকার সদয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

মিটিং আইডি: 848 3207 9911
পাসওয়ার্ড: moefcc

পানি সম্পদ মন্ত্রণালয়
যুগ্মসচিব (প্রশাঃ) এর দপ্তর
☐ প্রশাসন-১ ☐ উপস্থাপন করুন
☐ প্রশাসন-২ ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
☐ প্রশাসন-৩ (সেবা) ☐ মন্তব্যসহ উপস্থাপন করুন
☐ প্রোগ্রামার/সিস্টেম এনালিস্ট ☐ জরুরী ভিত্তিতে ব্যবস্থা নিন
☐ অন্যান্য ☐ নথিভুক্ত করুন
☐ আইন
নম্বর ৮২৬
তারিখ ২৭/৫/২৫ স্বাক্ষর


২৭-০৫-২০২৫
সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব
+৮৮০২৯৫৪০২১০ (ফ্যাক্স)


বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সকল মন্ত্রণালয়/বিভাগের প্রশাসন অনুবিভাগের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যদার নিম্নে নয়) উপস্থিত/সংযুক্ত থাকার অনুরোধসহ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ (উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের সবিনয় অনুরোধসহ)।
২। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জননিরাপত্তা বিভাগ।
৩। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
৪। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৫। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৮। সিনিয়র সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, ভূমি মন্ত্রণালয়।
১০। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়।

১১। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
১২। সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়।
১৩। সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
১৫। সচিব, সচিবের দপ্তর, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।
১৬। সচিব , সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
১৭। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
১৮। সচিব, সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ।
১৯। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
২০। সচিব, সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়।
২১। পররাষ্ট্র সচিব (ভারপ্রাপ্ত), পররাষ্ট্র সচিবের দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়।
২২। সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
২৩। সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়।
২৪। সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
২৫। সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ।
২৬। সচিব, সচিবের দপ্তর, রেলপথ মন্ত্রণালয়।
২৭। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২৮। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।
২৯। সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ।
৩০। সচিব, সচিবের দপ্তর, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
৩১। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩২। সচিব, সচিবের দপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ।
৩৩। সচিব, সচিবের দপ্তর, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ।
৩৪। সচিব, সচিবের দপ্তর, আইন ও বিচার বিভাগ।
৩৫। সচিব , সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩৬। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩৭। সচিব, সচিবের দপ্তর , প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩৮। সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়।
৩৯। সচিব, সচিবের দপ্তর, শিল্প মন্ত্রণালয়।
৪০। সচিব, সচিবের দপ্তর, বাণিজ্য মন্ত্রণালয়।
৪১। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৪২। সচিব , সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়।
৪৩। সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
৪৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, পরিবেশ অধিদপ্তর।
৪৫। অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অনুবিভাগ, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪৬। যুগ্মসচিব, পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ অধিশাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪৭। যুগ্মসচিব , পরিবেশ-১ অধিশাখা , পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪৮। উপসচিব, পরিবেশ-১ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৪৯। পরিচালক, বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা, পরিবেশ অধিদপ্তর।
৫০। উপপরিচালক, বর্জ্য ও রাসায়নিক পদার্থ ব্যবস্থাপনা, পরিবেশ অধিদপ্তর।
৫১। সিনিয়র সহকারী সচিব , পরিবেশ-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।
৩। সিস্টেম এনালিস্ট , আইসিটি শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৪

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা প্রসঙ্গে।**

সূত্র: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ০১ জুন ২০২৫ তারিখে অনুষ্ঠিত আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সচিবালয়কে সিঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে আগামী ২৫ জুন ২০২৫ তারিখের মধ্যে বাংলাদেশ সচিবালয়কে সিংঙ্গেল ইউজ প্লাস্টিক মুক্ত ঘোষণা করা হবে। এ প্রেক্ষিতে সিংঙ্গেল ইউজ প্লাস্টিক এর তালিকা প্রজ্ঞাপন আকারে ২৮ আগস্ট ২০২৪ তারিখ সরকার কর্তৃক জারি করা হয়েছে (সংযুক্তি-১)।

০২। এমতাবস্থায় সিংঙ্গেল ইউজ প্লাস্টিক ঘোষিত ১৭টি পণ্য মন্ত্রণালয়ের সভা কক্ষসহ কোনো অফিস কক্ষে ব্যবহার না করার বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) সংযুক্তি-১

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব
৫৫১০০৭০১
admin2@mowr.gov.bd

১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।

**স্মারক নম্বর:** ৪২.০০.০০০০.০০০.০৩২.৯৯.০১০১.১৭.৩৬৪/১ (২)

তারিখ: ২ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
১৬ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। একান্ত সচিব, উপদেষ্টার দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
২। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।

১৬-০৬-২০২৫
সুজিত হাওলাদার
উপসচিব